



## ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ২০১৯ ও ২০২০ সনের এইচ.এস.সি পরীক্ষার ফলাফলের উপর বোর্ড বৃত্তিপ্ৰাপ্ত সকল শিক্ষার্থীরা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বোর্ডের নীতিমালা অনুযায়ী বিনা বেতনে অধ্যয়নের সুযোগ পাবে। গত ১৯-১০-২০২২ তারিখে প্রকাশিত রেজিস্ট্রারের অফিসের (শিক্ষা-৫ শাখার) স্মারক নং রেজিঃ/শিক্ষা-৫/২০৮(ক)/২৮৯৭৯-সি বিজ্ঞপ্তি অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত বোর্ড বৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থীরা অনলাইনে বোর্ড বৃত্তির আবেদন করতে পারেনি তাদেরকে বেতন ফেরতের জন্য রেজিস্ট্রার বরাবর আবেদন করতে বলা হয়। শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের নীতিমালা অনুযায়ী বোর্ড বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের বেতন ফেরতের জন্য তাদের নামের তালিকা (Excel ফাইলে) ইমেইলের মাধ্যমে সংশ্লিষ্ট হল/বিভাগ/ইনস্টিটিউটে প্রেরণ করা হলো। বোর্ড বৃত্তিপ্ৰাপ্ত সকল শিক্ষার্থীদের বেতন ফেরতের জন্য তাদের স্ব স্ব হল অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বোর্ড বৃত্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য যোগাযোগ করুন (অফিস চলাকালীন সময়ে)- 01581846500.

ইমেইল- [reg.aca5@du.ac.bd](mailto:reg.aca5@du.ac.bd)

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/ ৪২৪৬৬ - ডি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

To  
Website  
Notice board  
S. Hattami  
18/12/22

(সায়েরমা শারমিন)  
চেয়ারপার্সন  
পরিসংখ্যান বিভাগ  
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্বাক্ষরিত/-  
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)  
ঢাকা বিশ্ববিদ্যালয়।  
তারিখ: ২২/১২/২০২২ বঙ্গাব্দ  
২৪/১২/২০২২ খ্রিষ্টাব্দ

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)   
ঢাকা বিশ্ববিদ্যালয়।